জনসম্প্রদায় ও জাতি-সম্পর্ক কর্মকৌশল

ভূমিকা

এই দলিলটির উদ্দেশ্য হলো, ‘কমিউনিটী’ বা জনসম্প্রদায়ের সুরক্ষাবিধানের যে দায়িত্ব আমাদের উপরে রয়েছে তা পালন করার প্রতিশ্রুতি সম্পর্কে আশ্বাস প্রদানে বৃটিশ ট্র্যান্সপোর্ট পুলিশ (British Transport Police) বা পরিবহন পুলিশবাহিনীকে সক্ষম করা, এবং যে সেবা আমরা সরবরাহ ক’রে থাকি তার মানকে আমরা কিভাবে আরো উন্নত ক’রে চলবো সেই প্রক্রিয়া ব্যাখ্যা করা। এটা করায় আমাদের সাহায্যের জন্য আপনাদের মতামত আমাদের দরকার এবং তা আমরা জানতে চাই, যাতে রেলপথের প্রহরা-সংক্রান্ত পরিকল্পনা রচনায় এইসব তথ্য কাজে লাগানো যায়।

আপনাদের সেবায় নিযুক্ত থাকা

আপনাদের – অর্থাৎ আমাদের কমিউনিটী’র – চাহিদা প্রকৃতপক্ষে কি তা জানার উদ্দেশ্যে আমরা বিভিন্ন স্তরের ব্যক্তি ও সংস্থার সঙ্গে কথা বলবো। এই প্রক্রিয়ার মূলে রয়েছে পরামর্শমূলক আলোচনা, ‘পার্টনারশিপ’ বা সহযোগিতা ও দায়বদ্ধতা (নিচে যেমন বর্ণনা করা হয়েছে) এবং যে’সব ধরনের সহযোগিতামূলক সম্পর্ক আমাদের যথাসম্ভব বেশী কার্যকর ও দক্ষ ক’রে তুলবে তা গঠনের জন্য আমাদের সমস্ত সঙ্গতি আমরা কাজে লাগাচ্ছি।

আপনাদের প্রতি আমাদের বহু দায়িত্ব রয়েছে এবং আপনাদের সঙ্গে সুসম্পর্ক স্থাপনে আমরা বিশেষ আগ্রহী। আপনাদের কেউ কেউ দেশের নানা এলাকায় ভ্রমণের জন্য অথবা মালপত্র সরবরাহ করার জন্য বৃটেন-এর বিভিন্ন রেলপথ, অথবা অন্যান্য যে’সব পরিবহন ব্যবস্থা পাহারা দেবার কাজ আমরা ক’রে থাকি, সেগুলো ব্যবহার করেন। আপনাদের কেউ কেউ সেবা সরবরাহকারী হতে পারেন, হয়তো রেল শিল্পের সঙ্গে সরাসরি কাজ করেন কিংবা তার বিভিন্ন সেবা সরবরাহ ক’রে থাকেন। অথবা আপনাদের কেউ বৃহত্তর জনসম্প্রদায়ের এমন সদস্য হতে পারেন, যে রেল শিল্পের ভিতরে কাজ করে না কিন্তু কোন না কোনভাবে তার সঙ্গে যুক্ত। হয়তো আপনি এমন কোন ভবনে বাস করেন বা কাজ করেন যা রেলপথ পরিচালনাকারীদের মালিকানাধীন কিংবা তাদের কাছাকাছি অবস্থিত, অথবা হয়তো আপনার জীবন রেলপথের দ্বারা অন্য কোনভাবে প্রভাবিত হয়ে থাকে।

আপনার ভূমিকা যাই হোক না কেন, আপনি রেলপথের সঙ্গে সম্পর্কিত কোন অপরাধের ভুক্তভোগী, কোন অপরাধমূলক ঘটনার সাক্ষী হয়ে পড়তে পারেন, কোন রকম আঘাত বা দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হতে পারেন, অথবা এমন সন্দেহ করার কারণও ঘটতে পারে যে আপনি কোন অপরাধ করার জন্য দায়ী।

আমাদের কাজের বহু ধরনের বৈশিষ্ট্য আছে। আমাদের কমিউনিটীকে সাহায্য করার জন্য আমাদের সর্বদা প্রস্তুত থাকতে হয়, বিশেষ ক’রে তাদের যারা প্রতিবন্ধী কিংবা যারা ভ্রমণ করার সময়ে অসুস্থ বা আহত হয়ে পড়েছে। রেলপথ-সম্পর্কিত সমস্ত অপরাধমূলক ঘটনার সঙ্গে জড়িত লোকজনের পরিবারবর্গকে ও তাদের প্রিয়জনকে সাহায্য করায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ, কিন্তু একই সময়ে জনস্বার্থের খাতিরে অপরাধমূলক ঘটনার বিচার ব্যবস্থার সঙ্গে যুক্ত অন্যান্য সংস্থার প্রতিও আমাদের একটা কর্তব্য রয়েছে।

পরামর্শমূলক আলোচনা

আমাদের কাজ যাতে আমরা ভালোভাবে করতে পারি এবং আমাদের প্রহরা-সংক্রান্ত পরিকল্পনা সঠিকভাবে রচনা করতে পারি সে’জন্য আপনাদের বিভিন্ন চাহিদার প্রতি সাড়া দেবার জন্য আমাদের সব সময় প্রস্তুত থাকতে হবে। এই কারণেই আমরা নিয়মিতভাবে আপনাদের সঙ্গে আলাপ-আলোচনা করতে চাই, হয় প্রত্যক্ষভাবে কিংবা অন্যান্য ‘পার্টনার’ বা সহযোগীদের মাধ্যমে পরোক্ষভাবে, উদাহরণস্বরূপ, জনমত সমীক্ষা পরিচালনা ক’রে অথবা রেল শিল্পের কিংবা স্থানীয় জনসম্প্রদায়ের ভিতরে বৈঠকের ব্যবস্থা ক’রে। যে পদ্ধতিতেই আপনাদের সঙ্গে আলোচনা করা হোক না কেন, আপনাদের মতামত সব সময়েই আমাদের কাছে মূল্যবান।

‘পার্টনারশিপ’ বা সহযোগিতামূলক সম্পর্ক

নানা ধরনের সহযোগিতামূলক সম্পর্কের এক জটিল ব্যবস্থা আমাদের কাজ করায় এবং আমাদের কর্মকৌশলগত লক্ষ্যসমূহ পূরণ করায় আমাদের সাহায্য করে।

আমরা সব সময়েই এমন নতুন নতুন সহযোগিতামূলক সম্পর্ক স্থাপনের চেষ্টা করি যা আপনাদের সেবা করায় আমাদের সাহায্য করবে। আমাদের বিভিন্ন সঙ্গতি আমরা যাতে যথাসম্ভব কার্যকরভাবে প্রয়োগ করতে পারি তা নিশ্চিত করার উদ্দেশ্যে, যে’সব সহযোগিতামূলক সম্পর্ক আমাদের বর্তমানে রয়েছে তাদেরও আমরা নিয়মিতভাবে পর্যালোচনা ক’রে থাকি। এই ধরনের ভালো সহযোগিতামূলক কাজের এক চমৎকার দৃষ্টান্ত হলো রেল শিল্প, সরকার এবং আমাদের নিজেদের মধ্যে সংগঠিত ‘সিকিওর স্টেশনস্’ (Secure Stations) কর্মসূচি।

দায়বদ্ধতা

বিভিন্ন স্তরে আমাদের দায়বদ্ধতা রয়েছে। উদাহরণস্বরূপ, ‘চীফ কনস্টেবল্’ (Chief Constable)-এর দায়বদ্ধতা পুলিশ কমিটী’র কাছে, এবং তার মাধ্যমে সেইসব অর্থসংস্থানকারী সহযোগীদের কাছে যাদের নিয়ে রেল শিল্প গঠিত এবং যারা পুলিশের প্রহরা ও সুরক্ষাবিধানের ব্যয় বহন করে।

আমাদের বিভিন্ন ‘এরিয়া কম্যাণ্ডার’ (Area Commanders) চীফ কনস্টেবল্-এর কাছে দায়বদ্ধ। আমাদের কাজে সাহায্য করায় এবং কমিউনিটী নিরপাত্তার উন্নতিবিধানে অন্যান্য সংস্থার সঙ্গে মিলে কাজ করায় তাঁরা একটা মৌলিক ভূমিকা পালন ক’রে থাকেন। আমাদের সমস্ত এরিয়া কম্যাণ্ডার ‘রেইলট্র্যাক’ এবং অন্যান্য ট্রেইন-চালক প্রতিষ্ঠান, পরিবহন ব্যবস্থা পরিচালনাকারী, মালপত্র বহনকারী প্রতিষ্ঠান ইত্যাদির প্রতিনিধিদের সঙ্গে স্থানীয়ভাবে নিয়মিত বৈঠক করেন। এ’ছাড়া তাঁরা ‘প্যাসেঞ্জার ট্র্যান্সপোর্ট অথরিটী’ (Passenger Transport Authority) বা যাত্রী পরিবহন কর্তৃপক্ষ এবং বিভিন্ন ‘রেইল ইউজারস্ কনসাল্টেটিভ কমিটী’ (Rail Users Consultative Committees) বা রেলপথ ব্যবহারকারীদের পরামর্শমূলক আলোচনা সমিতির বৈঠকেও যোগ দিয়ে থাকেন।

রেলপথ বা রেলযাত্রীদের সঙ্গে সম্পর্কিত বিভিন্ন সংস্থাকেও আমরা অপরাধ প্রবণতা এবং কিভাবে আমরা তার মোকাবেলা করার চেষ্টা করি তা নিয়ে আমাদের সঙ্গে আলোচনা করার সুযোগ দিয়ে থাকি।

প্রতিশ্রুতিসমূহ 1

আমরা যে কমিউনিটী’র সঙ্গে আলোচনা করি, সহযোগিতার ভিত্তিতে কাজ করি এবং আমাদের কাজকর্মের দায় সম্পূর্ণভাবে স্বীকার করি তার নিশ্চয়তা দেবার উদ্দেশ্যে আমরা বেশ কিছু প্রতিশ্রুতি প্রদান করেছি :

সহযোগিতা ও পরামর্শমূলক আলোচনা প্রক্রিয়ার উন্নতিবিধান 2

আপনাদের নিরাপত্তা ও নিশ্চিন্ততার মানের উন্নতি করার জন্য আমরা বর্তমান কাজকর্মের পদ্ধতির উন্নয়নের দিকে নজর দিয়েছি এবং অপরাধ ও বিশৃঙ্খলা প্রতিরোধের বিভিন্ন সহযোগিতামূলক ব্যবস্থা এবং কমিউনিটী’র নিরাপত্তাবিধান উদ্যেগের মাধ্যমে কিছু নতুন সহযোগী সম্পর্ক গড়ে তুলছি।

ভ্রমণকারীদের সহায়তাদান 3

রেলপথের সর্বত্র অপরাধের হার কমানো ও অপরাধের আশংকার মোকাবেলা করার উদ্দেশ্যে আমরা আপনাদের সঙ্গে আলোচনা চালাচ্ছি এবং আপনাদের বিভিন্ন চাহিদাকে চিহ্নিত করছি।

রেলপথের পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী জনসম্প্রদায়সমূহকে সহায়তাদান 4

রেলপথ সম্পর্কিত অপরাধের মোকাবেলায় আমাদের সাহায্য করতে আপনাদের উৎসাহিত ক’রে তোলায় আমরা বিশেষ আগ্রহী। রেলপথের সঙ্গে সম্পর্কিত বিপদের, বিশেষতঃ অনধিকার প্রবেশ ও ভাঙচুরের ঘটনার দরুণ বিপদের আশংকা থেকে আপনাদের, বিশেষ ক’রে শিশুদের ও অসহায় প্রাপ্তবয়স্কদের রক্ষা করার উদ্দেশ্যে আমরা উপযুক্ত সহযোগিতামূলক ব্যবস্থা গ্রহণ করছি।

ঘৃণাজনিত অপরাধ 5

আমাদের প্রতি বিভিন্ন জাতিগত সংখ্যালঘু গোষ্ঠির বিশ্বাস ও আস্থা বাড়ানোর জন্য, এবং সমস্ত রকম বর্ণবাদী হামলা, ঘৃণাজনিত অপরাধ এবং ঘৃণা ও ভুল প্রতিকূল ধারণা প্রণোদিত ঘটনাকে শনাক্ত ও প্রতিরোধ করার জন্য আমরা কঠোর পরিশ্রম ক’রে চলেছি।

বৈচিত্র্যকে মূল্য দেওয়া 6

আমাদের কর্মীদের আমরা সমাজের নানা সাংস্কৃতিক, যৌন ও জাতিগত বৈচিত্র্যের বিভিন্ন বৈশিষ্ট্য সম্পর্কে সচেতন হয়ে ওঠার প্রশিক্ষণ প্রদান করছি, এবং সমস্ত ধরনের প্রাতিষ্ঠানিক বর্ণবাদ ও গোঁড়ামি দূরীকরণের লক্ষ্যে কাজ ক'রে চলেছি। আমাদের সংগঠনের ভিতরে এবং যে কমিউনিটী'র সেবা আমরা করি তার ভিতরে বৈচিত্র্যকে আমরা মূল্য দিয়ে থাকি, এবং আমাদের নীতি নির্ধারণের সমস্ত ক্ষেত্রে আমাদের 'ডাইভারসিটী রেফারেন্স গ্রুপ' (Diversity Reference Group)-এর সঙ্গে আলোচনা করি।

প্রকাশ্যতা 7

আমরা প্রকাশ্যে বা খোলাখুলিভাবে কাজ করি এবং যথাসম্ভব আইনসম্মতভাবে আমাদের সমস্ত কাজকর্মের ব্যাখ্যা দিয়ে থাকি।

নজরদারি ও মূল্যায়ন

আমরা বর্তমানে আমাদের সমস্ত কাজকর্মের মানের উপযুক্ত নির্দেশক সংগ্রহ ও সংরক্ষণ করছি, যেগুলো নিয়মিতভাবে প্রকাশের ব্যবস্থা করা হবে।

হার ম্যাজেস্টী'জ্ ইনস্পেক্টর অভ্ কনস্টেব্যুলারী (Her Majesty's Inspector of Constabulary) যেন নিয়মিতভাবে আমাদের কাজকর্মের পর্যালোচনা করেন তা পুলিশ কমিটী নিশ্চিত ক'রে থাকে। এই ধরনের বিভিন্ন প্রক্রিয়া কাজকর্ম সম্পর্কে প্রাসঙ্গিক তথ্যাবলী চিহ্নিত করায় আমাদের সাহায্য করে, যাতে আমাদের কাজকর্মের মূল্যায়ন আমরা করতে পারি এবং এইভাবে তার মান উন্নত করার আশা রাখি।

আরো বিস্তারিত তথ্য

চীফ কনস্টেবল্ এই কর্মকৌশলের জন্য দায়ী, এবং তার উপরে নজর রাখেন অ্যাসিস্ট্যান্ট চীফ কনস্টেবল্ (স্কটল্যাণ্ড), যিনি এই কর্মকৌশল নিয়ে অগ্রসর হওয়ার জন্য জাতীয় স্তরে দায়িত্বপ্রাপ্ত। বাহিনীর সর্বত্র এই কর্মকৌশলকে প্রযোগ বা কার্যকর করার দায়িত্ব বিভিন্ন এরিয়া কম্যাণ্ডার-এর।

বৃটিশ ট্র্যান্সপোর্ট পুলিশ সম্বন্ধে, কিভাবে আমাদের গঠন করা হয়েছে এবং আমাদের 'কমিউনিটী অ্যাণ্ড রেইস রিলেশনস্ স্ট্র্যাটেজী' (Community & Race Relations Strategy) বা জনসম্প্রদায় ও জাতি-সম্পর্ক কর্মকৌশল সম্বন্ধে আরো বিস্তারিত তথ্য পাবার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন : www.btp.police.uk অথবা টেলিফোন নম্বর 020 7830 8807 বা ফ্যাক্স নম্বর 020 7830 8870 ব্যবহার করুন।

পাদটীকা

1 এগুলোর প্রত্যেকটার ভিত্তি হলো একটা 'অ্যাক্শন প্ল্যান' বা ব্যবস্থাগ্রহণ পরিকল্পনা; আরো বিস্তারিত বিবরণের জন্য 020 7830 8807 নম্বরে কমিউনিটী অ্যাণ্ড রেইস রিলেশনস্ ইউনিট-এর সঙ্গে যোগাযোগ করুন।

2 অ্যাসিস্ট্যান্ট চীফ কনস্টেবল্ (স্কটল্যাণ্ড)-এর উদ্যোগে গৃহীত ব্যবস্থাদি।

3 বিভিন্ন এরিয়া কম্যাণ্ডার-এর উদ্যোগে গৃহীত ব্যবস্থাদি।

4 বিভিন্ন এরিয়া কম্যাণ্ডার-এর উদ্যোগে গৃহীত ব্যবস্থাদি।

5 অ্যাসিস্ট্যান্ট চীফ কনস্টেবল্ (টেরিটোরিয়্যাল অপারেশনস্)-এর এবং ডিটেক্টিভ চীফ সুপারিন্টেণ্ডেন্ট-এর উদ্যোগে গৃহীত ব্যবস্থাদি।

6 অ্যাসিস্ট্যান্ট চীফ কনস্টেবল্ (অপারেশন্যাল সাপোর্ট)-এর উদ্যোগে গৃহীত ব্যবস্থাদি।

7 ফোর্স মিডিয়া ম্যানেজার-এর উদ্যোগে গৃহীত ব্যবস্থাদি।

বৃটিশ পরিবহন পুলিশ বাহিনী

British Transport Police, 15 Tavistock Place, London WC1H 9SJ

ফ্রীফোন : 0800 405040, ই-মেইল : tom.walsworth.btpolice@ems.rail.co.uk, www.btp.police.uk